148

তারিখ ... 18 MAY 1997 ...
পৃষ্ঠা: ২ কলাম: ৫

দৈনিক সংবাদ

## এইচএসসি পরীক্ষা

# কুমিল্লায় পুলিশের গুলিতে ছাত্র নিহত, সংঘর্ষ ব্যাপক ভাঙচুর

কুমিল্লা, ১৭ই মে .(জেলা বার্তা পরিবেশক)।– আজ দুপুরে বরুড়া থানার পয়ালগাছা ডিগ্রি কলেজ কেন্দ্রে এইচএসসি পরীক্ষা চলাকালে পুলিশের গুলিতে অহিদুর রহমান (২২) নিহত হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, নকল সরবরাহকারীদের হাতে কর্তব্যরত পুলিশের টাকা লেনদেন নিয়ে হাতহাতির এক পর্যায়ে পুলিশ গুলি চালায়। সঙ্গে অহিদুর রহমান মাথায় গুলিবিদ্ধ হয় এবং কুমিল্লা মেডিক্যাল কলেজ হাসপাতালে মারা যায়।

এ ঘটনার পর উত্তেজিত ছাত্র জনতা পরীক্ষা কেন্দ্র ঘেরাও করে রাখে এবং ইটপাটকেল নিক্ষেপ ও ভাংচুর করে। তারা পুলিশ বহনকারী একটি পিকআপ ভ্যান ভাঙচুর করে। কুমিল্লা থেকে অতিরিক্ত পুলিশ সুপার ও ম্যাজিস্ট্রেটসহ দু'প্লাটুন পুলিশ ঘটনাস্থলে গেলে উত্তেজিত জনতার সাথে তাদেরও সংঘর্ষ বাধে। জনতা পুলিশ বহনকারী গাড়ি ভাঙচুর করে। এ রিপোর্ট লেখা পর্যন্ত (রাত ন'টা) সংঘর্ষ চলছিল।

পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে বিডিআর তলব করা হয়েছে। নিহত অহিদুর রহমান এবার এ কলেজ থেকে বিএসসি পরীক্ষা দিয়েছিল।

উত্তেজিত জনতা পুলিশের একটি ট্রাক, অতিরিক্ত পুলিশ সুপারের জীপ টিএনও ও ম্যাজিস্ট্রেটের গাড়ি ভাঙচুর করে। তারা থানা মৎস্য কর্মকর্তার মোটর সাইকেলে অগ্নিসংযোগ করে। খাজুরিয়ার কাছে সড়কে একটি ব্রিজ ভেঙে দেয়।

বরুড়া থানার ওসি ঘটনাস্থলে যাওয়ার পথে চাঙ্গিনীতে জনতা তাদের ওপর হামলা চালায়। এবং একটি এস এল আর ও ২০ রাউন্ড গুলি ছিনিয়ে নেয়। পুলিশ ১১ রাউন্ড টিয়ার গ্যাস ও ৮ রাউন্ড রাইফেলের গুলি বর্ষণ করে। পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে।